# [redacted]

[redacted]

[redacted]

[

দামুড়হুদা সদর ও হাউলী ইউনিয়ন পরিষদের উদ্যোগে শোক দিবস পালন

১৫ই আগষ্ট বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৮তম শাহাদত বার্ষিক ও জাতীয় শোক দিবস উপলক্ষে দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের উদ্যেগে শোক র্যালি, আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

আজ মঙ্গলবার ১১ টার দিকে দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলি নেতৃত্বে উপস্থিত ছিলেন দামুড়হুদা সদর ইউনিয়ন আওয়ামীলীগের সাধারণ সম্পাদক শফিউল কবীর ইউসুফ, সদর ইউনিয়ন পরিষদের সদস্য লিয়াকত আলি, শামসুল আলম,নূরুল হক,আশরাফুল আলম সুমন,কামরুল ইসলাম,হাসান আলি,আব্দুল আলিম, শাহানাজ খাতুন ,রুপালি খাতুন,হাসিনা খাতুন। অনুষ্ঠানটি পরিচালনা করেন সদর ইউনিয়ন পরিষদের সচিব শামীম উদ্দীন।

১৫ ই আগষ্ট বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৮তম শাহাদত বার্ষিক ও জাতীয় শোক দিবস উপলক্ষে দামুড়হুদা হাউলী ইউনিয়ন পরিষদের উদ্যেগে শোক র্যালি, আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

হাউলি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান (ভারপ্রাপ্ত) নিজাম উদ্দিনের নেতৃত্বে উপস্থিত ছিলেন হাউলি ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আবু সাঈদ খোকন,হাউলি ইউনিয়ন পরিষদের সদস্য শহিদুল ইসলাম, জাহাঙ্গীর আলম টিক্কা,আব্দুল হান্নান, রিকাত আলি, শাহাজামাল হোসেন, হাউলী ইউনিয়ন যুবলীগের প্রচার সম্পাদক কামরুল ইসলাম মিফতাহ, হাউলী ইউনিয়ন ছাত্রলীগের আহ্বায়ক রাসেল আহমেদ, যুগ্ন আহ্বায়ক রায়হানুল ইসলাম, অনুষ্ঠানটি পরিচানা করেন হাউলি ইউনিয়ন পরিষদের সচিব নাঈম উদ্দীন।

দামুড়হুদায় ৫ শত গ্রাম গাঁজাসহ আটক -২

দামুড়হুদা মডেল থানার পুলিশ মাদক বিরোধী অভিযান চালিয়ে ৫শত গ্রাম গাঁজাসহ দুইজন মাদক ব্যবসায়ীকে আটক করতে সক্ষম হয়েছে।

আটকৃতরা হলো ছানোয়ার হোসেন (২৩) গোপালপুর গ্রামের জবুরের ছেলে ও একি গ্রামের তরিকুল ইসলাম( ৩০) রেজাউলের ছেলে। গতকাল সোমবার রাত ১১ টার দিকে জুড়ানপুর মসজিদ মার্কেটের সামনে থেকে তাদেরকে আটক করেন।

পুলিশ জানায়, দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি আলমগীর কবীর এর নির্দেশে গোপন সংবাদের ভিত্তিতে এস আই ওবাইদুর রহমান সঙ্গীয় ফোর্স নিয়ে দামুড়হুদা থানাধীন জুড়ানপুর গ্রামে মাদক বিরোধী অভিযান চালিয়ে গোপাল পুর গ্রামের জবুর ছেলে ছানোয়ার হোসেন ও রেজাউল ইসলামের ছেলে তরিকুলকে জুড়ানপুর মসজিদ মার্কেটের সামনে থেকে আটক করেন। পরে তাদের দেহ তল্লাশী করে ৫ শত গ্রাম গাঁজা উদ্ধার করা হয়।

দামুড়হুদা মডেল থানায় তাদের বিরুদ্ধে মাদক নিয়ন্ত্রণ আইন মামলা দায়ের করা হয়েছে।

চুয়াডাঙ্গা সদর উপজেলা নির্বাহী অফিসার শামীম ভূঁইয়ার বদলি আদেশ

চুয়াডাঙ্গা সদর উপজেলার নির্বাহী অফিসার শামীম ভূইয়ার বদলি আদেশ দেওয়া হয়েছে।

গতকাল সোমবার রাষ্ট্রপ্রতির আদেশক্রমে জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রেষণ-১ অভিশাখার উপসচিব আব্দুল্লাহ আরিফ মোহাম্মদ- এর

স্বাক্ষরিত এক বদলি আদেশে চুয়াডাঙ্গা সদর উপজেলার নির্বাহী অফিসার শামীম ভূইয়াকে প্রধানমন্ত্রীর কার্যালয়ে সিনিয়র সহকারী সচিব হিসেবে উপ প্রকল্প পরিচালক নারায়ণগঞ্জ আড়াইহাজার জাপানিজ অর্থনৈতিক অঞ্চলের জন্য অবকাঠামো উন্নয়ন প্রকল্প বদলি আদেশ দেওয়া হয়।

দামুড়হুদা মডেল থানার উদ্যোগে এলাকায় পুলিশের মহড়া জোরদার

দামুড়হুদা মডেল থানার নবাগত অফিসার ইনচার্জ ওসি আলমগীর কবির এর উদ্যোগে থানা এলাকায় পুলিশের বিশেষ মহড়া জোরদার করা হয়েছে।

গতকাল সোমবার সন্ধ্যা সাড়ে ৬ টার দিকে দামুড়হুদা মডেল থানার সামনে থেকে দামুড়হুদা থানা মোড়, চৌরাস্তার মোড়, জয়রামপুর শেখপাড়া, কাঁঠালতলা, ডুগডুগি, লোকনাথপুর, হাউলী সহ বিভিন্ন স্থানে পুলিশ মহড়া দেয়। এলাকার আইন শৃঙ্খলা রক্ষার্থে রাষ্ট্র বিরোধী, দুষ্কৃতিকারী, চোরাকারবারি, মাদক ব্যবসায়ীদের প্রতিহতর জন্য পুলিশের উপস্থিতি আরও জোরদার করা হয়েছে।

দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ (ওসি) আলমগীর কবির বলেন, স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্ন ছিল এদেশের মানুষ নির্বিঘ্নে রাতে যেন ঘুমাতে পারে। সেটা বর্তমান পুলিশ প্রশাসন নিশ্চিত করেছেন। মানুষ নির্বিঘ্নে চলাফেরা করতে পারে, রাতে ঘুমাতে পারে। সাধারণ মানুষের জানমাল নিরাপত্তা সহ পুলিশ প্রশাসন রাত দিন ২৪ ঘন্টা কাজ করে চলেছে। দামুড়হুদা মডেল থানা এলাকায় আইন শৃঙ্খলা পরিস্থিতি রক্ষার জন্য পুলিশের এই বিশেষ মহড়া চলমান থাকবে। দেশ বিরোধী চক্রান্ত সহ মাদক ইভটিজিং, কিশোর গ্যাং, চোরাকারবারি, জুয়া, বাল্যবিবাহ প্রতিরোধে দামুড়হুদা মডেল থানা পুলিশ সবসময়ই বদ্ধপরিকর। কোন অবস্থাতেই থানা এলাকায় কোনরকম বিশৃঙ্খলা মেনে নেওয়া হবে না।

তিনি আরো বলেন, সবাইকে সাবধান করা হলো, আপনারা যারা বিভিন্ন অপরাধের সাথে জড়িত আছেন তারা সবাই ভালো হয়ে যান। অপরাধ থেকে

সুস্থ জীবনে ফিরে আসুন, তা না হলে আজ হোক কাল হোক পুলিশের চোখ ফাঁকি দিয়ে কোন অপরাধি চিরস্থায়ীভাবে টিকে থাকতে পারবে না। সঠিক ও সুনির্দিষ্ট তথ্য দিয়ে পুলিশকে সহযোগিতা করুন। পুলিশ সবসময় জনগণের পাশে আছে, পুলিশ জনতার বন্ধু।

এসময় উপস্থিত ছিলেন দামুড়হুদা মডেল থানার ওসি তদন্ত শফিকুল ইসলাম, ওসি অপারেশন শফিউল আলম, সেকেন্ড অফিসার এসআই শেখর চন্দ্র মল্লিক, এসআই সালাউদ্দিন আহমেদ, এসআই খসরু, এসআই মিজান, এএসআই বিপ্লব কুমার, এএসআই দিরাজ সহ দামুড়হুদা মডেল থানায় কর্মরত সকল পুলিশ সদস্য উপস্থিত ছিলেন।

দামুড়হুদায় গোসল করতে গিয়ে নিখোঁজের ৩৬ ঘণ্টা পর বৃদ্ধার লাশ উদ্ধার

দামুড়হুদা উপজেলার পুরাতন বাস্তপুর গ্রামের মৃত জুবান মালিতার স্ত্রী জায়েদা খাতুন মাথাভাঙ্গা নদীতে গোসল করতে গিয়ে স্রোতে নিখোঁজ হয়। দুইদিন ধরে ডুবুরি দল ব্যর্থ চেষ্টা করে ফিরে যান নিজের গন্তব্যস্থলে। স্থানীয় এলাকাবাসীর সন্ধানে অবশেষে ৩৬ ঘন্টা পর রবিবার দিবাগত রাত দেড়টার দিকে নিখোঁজ হওয়া ঘাট থেকে প্রায় ছয় কিলোমিটার দূরে উপজেলার পারকৃষ্ণপুর ব্রিজের পিলারে লাশটি আটকে ছিল। আজ সোমবার সকাল ৯ টার সময় জানাজা শেষে পুরাতন বাস্তপুর কবরস্থানে দাফন সম্পন করা হয়।
উল্লেখ থাকে যে, জানাযায় চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার পুরাতন বাস্তপুর মালিতা পাড়ার জুবান বিশ্বাসের স্ত্রী জায়েদা বানু (৭০) মাথাভাঙ্গা নদীতে গোসল করতে গিয়ে ডুবে যায়। খবর পেয়ে এলকার লোকজন অনেক খোজাখোজির পরও পাওয়া যায়নি।

পরে দর্শনা ফায়ার সার্ভিস টিমকে খবর দিলে টিম লিডার নাসির উদ্দীন ঘটনাস্থলে পৌয়ছায়। দর্শনা ফায়ার সার্ভিস সার্ব অফিসার নাসির উদ্দীনের মাধ্যমে খুলনা ডুবরি টিমকে খবর দিলে টিম লিডার মোশাররফ হোসেনের ৬ সদস্য টিম নিয়ে পানির নিচে খোজ করেন ডুবুরি দল ৭

ঘন্টা খোজ করার পর ও ডুবে যাওয়া নারীর খোঁজে পাওয়া যায়নি। পরের দিন সকাল সাতটার সময় থেকে আবার খোঁজার কাজ শুরু করেন। একটানা ৫ ঘন্টা পানির নিচে অনুসন্ধান চালিয়ে সন্ধান মেলেনি বৃদ্ধ নারীর মরদেহ।

৩৬ ঘন্টা পর স্থানীয় ও এলাকাবাসীর সহযোগিতায় পারকৃষ্টপুর পুর ব্রীজের নিচে থেকে লাশ উদ্ধার করা হয়। পরে দর্শনা থানার পুলিশ সুরতহাল রিপোর্ট শেষে লাশ পরিবারের নিকট হস্তান্তর করেন। খবর পেয়ে দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা সন্ধা সাড়ে ৬ টার দিকে মৃত ব্যাক্তির পরিবারের শান্তনা দেন এবং মৃত ব্যাক্তির ছেলে আক্তারুল ইসলামের হাতে আর্থিক সহায়তা তুলে দেন। এসময় উপস্থিত ছিলেন হাউলি ইউনিয়ন পরিষদের সদস্য আব্দুল হান্নান, উপজেলা পি আই ও অফিস সহায়ক জাকির হোসেনসহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ ।

জীবননগরে রাস্তার কাজের উদ্বোধন অনুষ্ঠানে এমপি টগর

জীবননগরে ২কোটি ৬৫লাখ ১৫হাজার টাকা ব্যায়ে ৪টি রাস্তার কাজের উদ্বোধন করা হয়েছে।

আজ সোমবার বিকাল সাড়ে ৪টার সময় প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে জীবননগর উপজেলার সীমান্ত ইউনিয়নের কয়া,ধান্যখোলা,হরিহরনগর ও মেদনীপুর গ্রামে এ রাস্তার কাজের উদ্বোধন করেন চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য হাজী মোঃ আলী আজগার টগর।

রাস্তা উদ্বোধন কালে প্রধান অতিথি বলেন,বাংলাদেশে যত উন্নয়নমূলক কাজ হয়েছে সব আওয়ামীলীগ সরকারের আমলে হয়েছে। মাননীয় প্রধান মন্ত্রী শেখ হাসিনা সব সময় দেশ ও দেশের মানুষের উন্নয়নের জন্য কাজ করে থাকে। গ্রাম এখন শহরে রুপ নিয়েছে প্রতিটি গ্রামে রাস্তা ,ঘাট,স্কুল, কলেজ,মাদরাসা,এমন কোন জায়গা নেই যেখানে দেশনেন্ত্রী শেখ হাসিনার ছোয়া লাগেনী। গ্রামের মধ্যে রাস্তার পাশে এখন ড্রেন নিমান করা হচ্ছে যেটা কখনও গ্রামের মানুষ ভাবেনি গ্রামের মধ্যে

ড্রেন হবে সেটা প্রধানমন্ত্রী করে দিচ্ছেন ।

এত উন্নয়নমূল কাজ করা সত্বেও জামায়াত-বিএনপির নেতাদের এ সমস্থ উন্নয়নমূলক কাজগুলো চোখে পড়বে না। আগামি জাতীয় সংসদ নিবাচন এই নিবাচনে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার হাতকে শক্তিশালী করতে হবে এবং আমরা সকলে একত্রিত হয়ে জামায়াত-বিএনপির অপপ্রচারের জবাব দিব।

এ সময় আরো উপস্থিত ছিলেন, জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী হাফিজুর রহমান, জীবননগর পৌর সভার মেয়র মোঃ রফিকুল ইসলাম, উপজেলা আওয়ামীলীগের সাবেক সভাপতি গোলাম মোতুজা, জীবননগর উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আব্দুস সালাম ঈশা, জীবননগর পৌর আওয়ামীলীগের সাধারন সম্পাদক ও সাবেক মেয়র জাহাঙ্গীর আলম, সীমান্ত ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি আব্দুল মালেক মোল্লা, মদনা ইউপি চেয়ারম্যান জাকারিয়া আলম,সীমান্ত ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ইসাবুল ইসলাম মিল্টন প্রমুখ।

দামুড়হুদায় আইন-শৃংখলা কমিটির মাসিক সভা অনুষ্ঠিত

দামুড়হুদায় আইন-শৃংখলা কমিটির মাসিক সভা অনুষ্ঠিত হয়েছে । আজ সোমবার সকাল ১০টায় উপজেলা প্রশাসনের আয়োজনে উপজেলা পরিষদের সম্মেলন কক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

আলোচনা সভায় উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা’র সভাপতিত্বে অতিথি ছিলেন দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সজল কুমার দাস, উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক হাজী মোঃ শহিদুল ইসলাম, সমাজসেবা কর্মকর্তা তোফাজ্জেল হক,যুব উন্নয়ন অধিদপ্তর কর্মকর্তা মামুন অর রশিদ,স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তা হেলেনা আক্তার নিপা,কৃষি সম্প্রসারণ কর্মকর্তা অভিজিৎ কুমার, মহিলা বিষয়ক অধিদপ্তরের কর্মকর্তা হোসনে জাহান, দামুড়হুদা প্রেসক্লাব সভাপতি এম নুরুন্নবী, দামুড়হুদা মডেল থানার ওসি আলমগীর কবীর, দর্শনা থানার ওসি বিপ্লব কুমার সাহা, দর্শনা বিজিবি

(বিওপি)কমান্ডার শহিদুল ইসলাম,মুন্সিপুর বিজিবি (বিওপি) কমান্ডার মিজানুর রহমান, দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোঃ হযরত আলী, কুড়ুলগাছি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোঃ কামাল উদ্দীন, নাটুদাহ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোঃ শফিকুল ইসলাম শফি, হাউলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান(ভারপ্রাপ্ত) মোঃ নিজাম উদ্দিনসহ সাংবাদিকবৃন্দ ও বিভিন্ন দপ্তরের কর্মকর্তা বৃন্দ উপস্থিত ছিলেন।

সভায় বক্তারা দামুড়হুদা উপজেলায় আইন-শৃঙ্খলা নিয়ন্ত্রনের পাশাপাশি মাদক-জুয়া,চুরি-ডাকাতি, বাল্যবিবাহ, যৌতুক, নারী- নির্যাতন, ইভটিজিংও আইনশৃংখলা বিষয়ে গুরুত্ব আরোপ করেন।বিশেষ করে দামুড়হুদা বাসস্ট্যান্ডের বটগাছের নিচে অবৈধভাবে গড়েওঠা দোকানগুলোর কারণে যে যানজট সৃষ্টি হয়, এই যানজট কিভাবে নিরসন হয় এবিষয়ে দামুড়হুদা প্রেসক্লাবের সাংবাদিকরা তুলে ধরেন।

এসময় ইউএনও রোকসানা মিতা বক্তব্য বলেন, বর্তমান সরকার দেশের জানমালের নিরাপত্তা নিশ্চিতে বদ্ধ পরিকর। তাই অপরাধ প্রবণতা বন্ধে ও আইনশৃঙ্খলা উন্নয়নের পাশাপাশি সকল নাগরিককে ভূমিকা রাখতে হবে। উন্নয়নের ধারা অব্যাহত রাখতে সকলকে ঐক্যবদ্ধভাবে কাজ করার আহবান জানান। তিনি এসময় দামুড়হুদা বাসস্ট্যান্ডে যে যানজট সৃষ্টি হয়, সেজন্য তাৎক্ষনিকভাবে দামুড়হুদা মডেল থানার ওসি আলমগীর কবীরকে বিষয়টি দেখার জন্য নির্দেশনা দেন।মাসিক সভা শেষে মডেল থানার ওসি আলমগীর কবির সরোজমিনে তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণ করেন ও অবৈধভাবে গড়ে ওঠা দোকানপাট সরিয়ে দেন।

দামুড়হুদার জয়রামপুরে যুবকের আত্ম*হত্যা

দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নের জয়রামপুর গ্রামে হতাশাগ্রস্থ বেকার এক যুবক আত্মহত্যা করেছে। গত শনিবার দিনগত গভীর রাতে নিজ বাড়িতে তিনি আত্মহত্যা করেন। আত্মহত্যা কারী হলো জয়রামপুর চৌধুরী পাড়ার হাচাদ আলীর ছেলে রিফাত আলী (২১)।

পারিবারিক ও পুলিশ সূত্রে জানা গেছে রিফাত আলী তার নানার বাড়িতে বসবাস করতো। সে একজন বেকার ও হতাশাগ্রস্ত যুবক ছিল। সে নিয়মিত কোন কাজকর্ম করতো না বেকার। তার মা বিদেশ থাকে। বিদেশ থেকে যে টাকা পাঠায় সে টাকায় তার সংসার চলে, সে নিয়মিত কোন কাজকর্ম করে না। গত দুই মাস তার মা টাকা পাঠানো বন্ধ করে দিলে তার নিজ বসতঘরের এক রুমের ঘরের টিনের চাল বাদে, বাদবাকি সব ঘড়ের টিনের চাল সহ সংসারের বিভিন্ন জিনিসপত্র বিক্রয় করে দেয়। চরম হতাশা থেকেই সে রাতের কোন এক সময় নিজ বসতঘরের আড়ায় গলায় গামছা পেচিয়ে আত্মহত্যা করে বলে মর্মে বিষয়টি নিশ্চিত করেন তার স্ত্রী।

তার স্ত্রী আরো বলেন, আমার স্বামী নিয়মিত কোন কাজ কাম করতো না, সে মাঝে মাঝে মিস্ত্রির কাজে যেত কিন্তু নিয়মিত না। আমার শাশুড়ি বিদেশ থেকে টাকা পাঠাতো ওই টাকাই সে সংসার চালাতো, টাকা পাঠানো বন্ধ করে দিলে সে চরম হতাশায় পড়ে যাই। যার কারনে সে আত্মহত্যা করতে পারে। আমার শ্বশুর বিয়ে করে অন্যত্র থাকে। সকালে বিষয়টি জানাজানি হলে দামুড়হুদা মডেল থানা পুলিশ সংবাদ পেয়ে লাশ উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতাল মর্গে লাশ ময়নাতদন্তের জন্য পাঠানো হয়। পারিবারিক জীবনে তিনি এক কন্যা সন্তানের জনক ছিলো। তার বর্তমান বয়স আড়ায় বছর।

এবিষয়ে দামুড়হুদা মডেল থানার ওসি অপারেশন শফিউল আলম বলেন, লাশ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য চুয়াডাঙ্গা সদর হাসপাতাল মর্গে প্রেরণ করা হয়েছে। এ বিষয়ে থানায় একটি অপমৃত্যু মামলা দায়ের করা হয়েছে।

দর্শনায় বিএনপি নেতা নাহারুল মাষ্টার গ্রেফতার

দর্শনায় বিএনপি নেতা নাহারুল ইসলাম ওরফে নাহারুল মাষ্টার(৪৬) কে গ্রেফতার করেছে দর্শনা থানা পুলিশ।

আজ শনিবার দুপুর ২ টার দিকে দর্শনা পুরাতন বাজার মোড় থেকে তাকে গ্রেফতার করা হয়। সে বাংলাদেশ জাতীয়তাবাদি দল (বিএনপি) দর্শনা

পৌর শাখার সাবেক সাংগঠনিক সম্পাদক ও পৌর এলাকার পরানপুর গ্রামের মৃত শামছুদ্দিনের ছেলে।

দর্শনা থানার অফিসার ইনচার্জ ইন্সপেক্টর (ওসি) বিপ্লব কুমার সাহা জানান, পুরাতন নাশকতা মামলায় দর্শনা পরানপুর গ্রামের নাহারুল ইসলামকে গ্রেফতার করা হয়।

গ্রেফতারকৃতকে গতকার শনিবার বিকালে চুয়াডাঙ্গা কোর্ট হাজতে প্রেরন করেছে পুলিশ।